



প্রেস বিজ্ঞপ্তি

কলম্বো, ৮ই আগস্ট ২০২২

শ্রীলংকায় বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব এর ৯২ তম জন্মবার্ষিকী পালিত

যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে শ্রীলংকায় বাংলাদেশ হাইকমিশনে আজ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সহধর্মিণী বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব এর ৯২ তম জন্মবার্ষিকী পালিত হয়েছে।

অনুষ্ঠানের শুরুতে দূতাবাসের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ বঙ্গমাতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। অতঃপর তাঁর, জাতির পিতা বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের শাহাদৎ বরণকারী অন্যান্য সদস্যদের আত্মার মাগফেরাত এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের ধারাবাহিক উন্নয়ন কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত এবং দিবসটি উপলক্ষ্যে প্রদত্ত রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী পাঠ করা হয়। বঙ্গমাতার জীবন, তাঁর আত্মত্যাগ ও বাংলাদেশ এর স্বাধীনতা অর্জনে তাঁর অবদান এর উপর নির্মিত একটি প্রামাণ্য চিত্র প্রদর্শন করা হয় এবং জন্মবার্ষিকীর এবারের প্রতিপাদ্য “মহীয়সী বঙ্গমাতার চেতনা, অদম্য বাংলাদেশের প্রেরণা”-এর উপর আলোচনা অনুষ্ঠিত হয়।

হাই কমিশনার তারেক মো: আরিফুল ইসলাম তাঁর সমাপনী বক্তব্যে বঙ্গমাতার প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন এবং বাংলাদেশের স্বাধীনতা ও মুক্তিসংগ্রামে তাঁর অসামান্য অবদানের কথা স্মরণ করেন। বঙ্গমাতার বহুমাত্রিক ভূমিকা - একজন সার্থক মা হিসাবে বঙ্গমাতার সংসার সামলানো, সন্তানদের সুশিক্ষিত আদর্শবান মানুষ হিসাবে গড়ে তোলা, একই সাথে সহধর্মিণী হিসাবে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের রাজনৈতিক কর্মকান্ডে সাহস ও অনুপ্রেরণা যোগানো এবং সর্বোপরি বাঙ্গালীর প্রতিটি আন্দোলন সংগ্রামে তাঁর নিবিড় সংশ্লিষ্টতার উপরও তিনি আলোকপাত করেন। বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব যে সীমাহীন ধৈর্য্য, অসীম সাহসিকতা ও বিচক্ষণতার সহিত তৎকালীন সামগ্রিক পরিস্থিতিকে মোকাবেলা করেছেন তা বাঙালী নারীদের জন্য অনুকরণীয় দৃষ্টান্ত হয়ে থাকবে বলেও হাইকমিশনার অভিমত ব্যক্ত করেন।
